

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০২১.২০১৫-৪৭২

তারিখ : ১৫ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
২৮ এপ্রিল, ২০১৬ খ্রি:।


বিষয় : পটুয়াখালী জেলার সদর উপজেলার অন্তর্গত নবগঠিত মৌকরণ ইউনিয়ন পরিষদের প্রশাসক পদে প্রফেসর আবদুল মালেক আখন্দকে নিয়োগ প্রদান প্রসংগে।

সূত্র : জনাব এ.বি.এম রুহুল আমিন হাওলাদার, এম.পি, ১১১, পটুয়াখালী-১, বাংলাদেশ জাতীয় সংসদ এর আধা-সরকারী পত্র, তারিখঃ ০৮ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেঙ্কিতে সদয় অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১৮(১) নিম্নরূপঃ

“১৮। প্রশাসক নিয়োগ।-(১) কোন এলাকাকে ইউনিয়ন ঘোষণার পর ইহার কার্যাবলী সম্পাদনের জন্য সরকার একজন উপযুক্ত কর্মকর্তাকে প্রশাসক হিসাবে নিয়োগ করিবে এবং এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন না হওয়া পর্যন্ত প্রশাসক ইউনিয়ন পরিষদের যাবতীয় দায়িত্ব পালন করিবে।”

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর উল্লিখিত ধারার বিধান অনুযায়ী কর্মকর্তা ব্যতীত অন্য কোন ব্যক্তিকে নবগঠিত ইউনিয়ন পরিষদের প্রশাসক নিয়োগের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে মহোদয়কে সদয় অবহিত করা হলো।


(শ্রীয়াশা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব এ.বি.এম রুহুল আমিন হাওলাদার
এম.পি, ১১১ পটুয়াখালী-০১
বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।

০২। উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।